FEB. 27 2001
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

ভোরের কাগজ

# খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের আন্দোলন কর্মসূচি

**খুলনা প্রতিনিধি :** তিন দফা দাবি আদায়ের লক্ষ্যে খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা তাদের ক্লাস বর্জনের পঞ্চম দিনে গত শনিবার ক্যাম্পাসে মানবন্ধন রচনা করে। পরে বেলা ১১টায় বিশ্ববিদ্যালয় ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনের মাধ্যমে তিনদিনব্যাপী কর্মসূচি ঘোষণা করে।

কর্মসূচির মধ্যে রয়েছে আজ ২৭ ফেব্রুয়ারি নগরীর শিববাড়ী মোড়ে বেলা ১১টায় মানববন্ধন, ২৮ ফেব্রুয়ারি প্রেসক্লাবের সামনে অবস্থান ধর্মঘট ও ১ মার্চ খুলনা বিশ্ববিদ্যালয় অবরোধ।